# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**23 FEBRUARY 2025 7:45—7:55**

---

(১) রাজ্যের চা শ্রমিকদের আগামী ১৩ মার্চ থেকে জমির পাট্টা প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার ঘোষণা/

(২) গুয়াহাটিতে কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের উপস্থিতি বেশকয়েকটি প্রকল্পের উদ্বোধন/

(৩) অবসরপ্রাপ্ত অতিরিক্ত মুখ্য সচিব সুভাষ চন্দ্র দাসের পৌরহিত্যে অষ্টম আসাম বেতন কমিশন গঠনের জন্য আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি/

(৪) কেন্দ্রীয় সরকারের প্রবীণ কর্মচারীদের জন্য আজ গুয়াহাটিতে প্রাক্ অবসরকালীন কর্মশালা/

এবং

(৫) শিলচর-সৌরাষ্ট্র মহাসড়ক অর্থাৎ ইস্ট-ওয়েস্ট করিডোরের ডিমা হাসাও জেলার দালাইসুং অঞ্চলে একটি নির্মিয়মান সেতুর একটি অংশ গতকাল গভীর রাত্রে ভেঙে পড়েছে/

---

রাজ্যের চা শ্রমিকদের আগামী ১৩ ই মার্চ থেকে জমির পাট্টা বিতরণ করা সহ প্রধানমন্ত্রী আবাস যোজনার অধীনে বাসগৃহ প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ খানাপারায় কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবারাজ সিং চৌহানের উপস্থিতিতে বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধনের পর সাংবাদিকদের একথা জানান । কেন্দ্রীয় সরকার আজ চা শ্রমিকদের গৃহ প্রদানের বিষয়ে আনুমোদন জানিয়েছে বলে

মুখ্যমন্ত্রী জানান ।চা শ্রমিকদের সর্বাঙ্গীন উন্নয়ন ও কল্যাণের জন্য এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ গুয়াহাটীতে প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার অধীনে ১ হাজার ৮১৯ কোটি ৯১ লক্ষ টাকা মঞ্জুর করেন । এই অর্থের সাহায্যে ১ হাজার ৫২২ কিলোমিটার পথ এবং ৬২ টি সেতু নির্মাণ করা হবে । আজ গুয়াহাটী খানাপারার জ্যোতি-বিষ্ণু আন্তর্জাতিক কলা মন্দিরে আয়োজিত এক অনুষ্ঠানে অংশগ্রহণ করে শ্রী চৌহান গ্রামোন্নয়ন বিভাগের বেশ কয়েকটি প্রকল্প উদ্বোধন করেন । কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহানের উপস্থিতিতে কৃষি বিভাগের মুখ্যমন্ত্রী উৎকর্ষ যোজনার অধীনে ৫০০ কৃষি উৎপাদক সংস্থা এবং কৃষি উৎপাদক কোম্পানীকে ১৫ লক্ষ টাকা করে অর্থ সাহায্য প্রদান কার্যসূচীর সূচনা করা হয় । এছাড়া জাতীয় গ্রামীন জীবিকা অভিযান ও সমবেশী জীবিকা অভিযানের অধীনে ১২০ কোটি টাকার অর্থ সাহায্য প্রদান কার্যসূচীরও সূচনা করা হয় । এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীণের অধীনে ১ লক্ষ হিতাধীকারীর আনুষ্ঠানিক গৃহপ্রবেশ এবং কৃষি সারথি ডিজিট্যাল এ্যাপ উদ্বোধন করা হয় ।অনুষ্ঠানের পর কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শ্রী চৌহান সাংবাদিকদের জানান ----

বাইট

এদিকে পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে আসাম রাজ্য জীবিকা অভিযান আয়োজিত ২০২৫-২৬ বর্ষের সরস মেলায় আজ কেন্দ্রীয় মন্ত্রী শ্রী চৌহান মুখ্য অতিথি হিসেবে অংশগ্রহণ করেন ।শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিভাগীয় মন্ত্রী রঞ্জিত কুমার দাস ও উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকারের অবসরপ্রাপ্ত অতিরিক্ত মুখ্য সচিব সুভাষ চন্দ্র দাসকে অধ্যক্ষ করে অষ্টম আসাম বেতন কমিশন গঠনের জন্য আজ আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের জারি করা এই বিজ্ঞপ্তি অনুসারে এই বেতন কমিশনে আসাম সরকারের কর্মচারী প্রশাসন বিভাগ, প্রশাসনিক সংস্কার বিভাগ, অর্থ বিভাগের বেশকয়েকজন প্রবীণ সচিব, আইন বিভাগের আয়ুক্ত এবং বিশেষ সচিব, অর্থ বিভাগের বাজেট শাখার বিশেষ সঞ্চালক এবং অর্থ বিভাগের বেতন-গবেষণা শাখার সচিবকে কমিশনের পডেন সদস্য হিসেবে এবং গুয়াহাটি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রাতুল মহন্তকে বিশেষ সদস্য হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে । কমিশন সংস্কারমুখী এবং

সর্বাত্মক দৃষ্টিভঙ্গী নিয়ে বেতন কাঠামোর সংশোধন করবে । অর্থ বিভাগের পক্ষ থেকে আজ এক বিবৃতিতে এই কমিশন গঠন সম্পর্কে জানিয়েছে ।

---

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গর্ভনর জেনারেল চক্রবর্তী রাজা গোপালাচারীর প্রতিমূর্তির নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবন প্রাঙ্গণে আনুষ্ঠানিক আবরণ উন্মোচন করেছেন । রাষ্ট্রপতি ভবনের অশোক মণ্ডপের প্রকাশ্য স্থানে থাকা ব্রিটিশ স্থপতি এডউইন লুটিয়েন্স'এর প্রতিমূর্তিটি সরিয়ে প্রথম ভারতীয় গর্ভনর জেনারেলের প্রতিমূর্তিটি স্থাপন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু বলেন যে- ঔপনিবেশিক চিন্তাধারার পরিবর্তে ভারতের গৌরবোজ্জ্বল সংস্কৃতি, ঐতিহ্য এবং পরম্পরাকে তুলে ধরে দেশের প্রতি অতুলনীয় অবদান রাখা ব্যক্তিত্বদের স্মরণ করার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা, ডঃ এস জয়শঙ্কর, ধর্মেন্দ্র প্রধান, ডঃ এল. মুরুগান এবং চক্রবর্তী রাজা গোপালাচারীর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য- রাজাজী উৎসবের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল থেকে আগামী পয়লা মার্চ পর্যন্ত রাজা গোপালাচারীর উপর একটি প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে ।

---

প্রাক্তন রেলমন্ত্রী এবং রাজ্যসভার সদস্য মুকুল রায় গতরাতে কোলকাতার একটি বেসরকারী হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৭১ । তিনি দীর্ঘদিন ধরে অসুস্থ ছিলেন । তিনি সারা ভারত তৃণমূল কংগ্রেসের অন্যতম প্রতিষ্ঠাতাদের মধ্যে ছিলেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন । সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী মোদী বলেছেন যে- রাজনৈতিক অভিজ্ঞতা এবং সমাজের সেবার প্রতি প্রয়াত রায়ের মনোভাবের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন ।

---

আসাম অরুণাচল প্রদেশের সীমা বিবাদ মীমাংসা ক্ষেত্রে শক্তিশালী পদক্ষেপ হিসেবে নামচাই ঘোষণাপত্র স্বাক্ষরিত হওয়ার পর উভয় রাজ্যের মধ্যে প্রথম সীমা স্তম্ভ আরুণাচলের পাক্কে কেসাং জেলায় স্থাপন করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা সামাজিক মাধ্যমে এক বার্তায় এই পদক্ষেপ আন্তঃরাজ্য সীমার ক্ষেত্রে থাকা কয়েক দশকের অনিশ্চয়তার অবসান ঘটাবে বলে আশা প্রকাশ করেন । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে অষ্টলক্ষীর উত্তরপূর্বাঞ্চল সুসংহত গোষ্ঠি হিসেবে উন্নয়নের দিকে অগ্রসর

হচ্ছে বলে তিনি মন্তব্য করেন । এই বিষয়ে তিনি অরুণাচলের মুখ্যমন্ত্রী পেমা খান্ডুর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

---------------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কর্মচারী , গণ অভিযোগ এবং পেনশন মন্ত্রনালয়ের অধীন পেনশন এবং পেনশনার কল্যাণ বিভাগ আজ গুয়াহাটীতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগের প্রবীণ কর্মচারীদের জন্য একটি প্রাক অবসরকালীন কর্মশালার আয়োজন করে । খানাপারার আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আয়োজিত এই কর্মশালায় পেনশন মন্ত্রনালয়ের প্রতিমন্ত্রী ডঃ জীতেন্দ্র সিং উপস্থিত ছিলেন ।কর্মশালায় অবসরের পূর্বে কর্মচারীদের প্রয়োজনীয় পরামর্শ , পেনশনারদের সচেতনতা কার্যসূচী এবং বেংক কর্মচারীদের সচেতনতা কার্যসূচীর বিষয়ে আলোচনা করা হয় ।কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ডঃ সিং পেনশনের নথিপত্র এবং ডিজিট্যাল জীবন প্রমাণপত্রের মতো বিষয়গুলোর ওপর আলোকপাত করেন ।তিনি অবসরপ্রাপ্ত কর্মচারীদেরকে দেশ গঠনে সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান জানান ।এই কর্মশালায় উত্তরপূর্বাঞ্চলের বিভিন্ন বিভাগের শীঘ্র অবসরে যাওয়া ১৪০ জন কেন্দ্রীয় সরকারের আধিকারীক ও কর্মচারী অংশগ্রহণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর-সৌরাষ্ট্র মহাসড়ক অর্থাৎ ইস্ট-ওয়েস্ট করিডোরের ডিমা হাসাও জেলার দালাইসুং অঞ্চলে একটি নির্মিয়মান সেতুর একটি অংশ গতকাল গভীর রাত্রে ভেঙে পড়েছে । তবে এই ঘটনায় হতাহতের কোনো খবর নেই বলে আমাদের হাফলং সংবাদদাতা জানিয়েছেন । ভারতের জাতীয় সড়ক কর্তৃপক্ষ হারেঙ্গাজাও থেকে জাটিঙ্গা পর্যন্ত চার লেন যুক্ত সড়ক নির্মাণের দায়িত্বে রয়েছে । এবং এই কাজ গুজরাট ভিত্তিক একটি কোম্পানিকে দেওয়া হয়েছে । এই সড়কে ২৫ কিলোমিটার অংশ আংশিকভাবে জনসাধারণের জন্য খুলে দেওয়ার কথা ছিল । তবে উড়াল সেতুর কাজ সম্পূর্ণ না হওয়ায় এবং কিছু যান্ত্রিক কারণে সড়কটি খুলে দেওয়ার তারিখ পিছিয়ে দেওয়া হয় । উল্লেখ্য- বিগত দুই দশক ধরে নির্মাণ কাজ চলতে থাকা এই সড়কে নির্মিয়মান সেতুর এই বিপর্যয় নিয়ে এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন । স্মরণ করা যেতে পারে যে- রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার হস্তক্ষেপে এই প্রকল্পের কাজে দ্রুততা এসেছিল । ঘটনাটির প্রযুক্তিগত দিক বিশ্লেষণের পরই এই বিপর্যয়ের মূল কারণ জানা যাবে বলে ধারণা করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ স্বাধীন ভারতের প্রথম ভারতীয় গর্ভনর জেনারেল চক্রবর্তী রাজা গোপালাচারীর প্রতিমূর্তির নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবন প্রাঙ্গণে আনুষ্ঠানিক

আবরণ উন্মোচন করেছেন । রাষ্ট্রপতি ভবনের অশোক মণ্ডপের প্রকাশ্য স্থানে থাকা ব্রিটিশ স্থপতি এডউইন লুটিয়েন্স’এর প্রতিমূর্তিটি সরিয়ে প্রথম ভারতীয় গর্ভনর জেনারেলের প্রতিমূর্তিটি স্থাপন করা হয়েছে । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে রাষ্ট্রপতি শ্রীমতি মুর্মু বলেন যে- ঔপনিবেশিক চিন্তাধারার পরিবর্তে ভারতের গৌরবোজ্জ্বল সংস্কৃতি, ঐতিহ্য এবং পরম্পরাকে তুলে ধরে দেশের প্রতি অতুলনীয় অবদান রাখা ব্যক্তিত্বদের স্মরণ করার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে । অনুষ্ঠানে উপ-রাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণণ, কেন্দ্রীয় মন্ত্রী জগত প্রকাশ নাড্ডা, ডঃ এস জয়শঙ্কর, ধর্মেন্দ্র প্রধান, ডঃ এল. মুরুগান এবং চক্রবর্তী রাজা গোপালাচারীর পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন। উল্লেখ্য- রাজাজী উৎসবের সঙ্গে সঙ্গতি রেখে আগামীকাল থেকে আগামী পয়লা মার্চ পর্যন্ত রাজা গোপালাচারীর উপর একটি প্রদর্শনীরও আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দির জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- জেলায় মার্চ মাসের রেহাই মূল্যের সামগ্রী বন্টনের জন্য বরাদ্দ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে এক কিলোগ্রাম করে মসুর ডাল , চিনি ও লবণ একশ টাকায় বন্টন করা হবে । মার্চ মাসের এক থেকে ১০ তারিখের মধ্যে অন্ন সেবার দিনগুলিতে ই-পস মেশিনের মাধ্যমে রেহাই মূল্যে সামগ্রীগুলি বন্টন করা হবে বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত , পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে আজ শিলচরে সচেতনতা পক্ষের আওতায় এক সভা অনুষ্ঠিত হয়েছে । পি এন বি আর সেটি কাছাড়ের সঞ্চালক অরুণ জ্যোতি দে -র পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় জানানো হয় যে গ্রামের বেকার যুবক-যুবতীদের প্রশিক্ষণ প্রদান করে আত্মনির্ভর হতে সাহায্য করা হচ্ছে । এ ধরণের সচেতনতা সভা গ্রামীণ অর্থনীতিকে  আরো শক্তিশালী করে বলে বিভিন্ন বক্তা মত প্রকাশ করেছেন ।

---------------------------------------------------------------------------------